গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
ভূমি অধিগ্রহণ শাখা
www.narsingdi.gov.bd

স্মারক নং-৩১.৪১.৬৮০০.১০৮.১৪.০০৩.২২-১৯৭

তারিখঃ ২৯ আষাঢ় ১৪৩০ / ১৩ জুলাই ২০২৩

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৯/২০২১-২২ নং এল. এ. কেসমূলে নির্বাহী প্রকৌশলী, সওজ, নরসিংদী সড়ক বিভাগ, নরসিংদী কর্তৃক বাস্তবায়িত একনেক কর্তৃক অনুমোদিত "ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি স্থানান্তর প্রকল্প: সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)-সিলেট-তামাবিল মহাসড়ক চার লেনে উন্নীতকরণ এবং উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেন নির্মাণ প্রকল্প (৩য় অংশ)" বাস্তবায়নের জন্য শিবপুর উপজেলার সুজাপুরচর, গুপ্তপাড়া, কারারদি, কামারগাঁও, মুন্সেফের চর, কুমড়াদি, শাষপুর, ঘাশিরদিয়া, দক্ষিণ নোয়াদিয়া, ব্রাহ্মন্দী এবং লামপুর মৌজায় ১৪.২৬৩৮ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত নির্ধারিত ছকে প্রস্তুতকৃত ও জেলা প্রশাসক, নরসিংদী কর্তৃক অনুমোদিত যৌথ তদন্ত তালিকা প্রকাশ করা হলো।

"স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭" বাস্তবায়ন সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের ১০-১২-২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০০১.১৪(অংশ)-৪৫৪ নং স্মারক পত্রের নির্দেশনাবলীর ১২ নং অনুচ্ছেদমতে যৌথ তদন্ত তালিকার বিরুদ্ধে কারো কোন আপত্তি থাকলে যৌথ তালিকায় অবকাঠামো/ ঘরবাড়ি অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এবং জমির মালিকানা/ স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কিত যৌথ তদন্তে প্রকাশিত বিষয়ে আপত্তি জেলা প্রশাসক, নরসিংদী বরাবর গণবিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দাখিল করা যাবে।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: www.narsingdi.gov.bd

১৩.০৭.২৩
মাসফিকা হোসেন
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
নরসিংদী
ফোন: ০২৯৪-৪৬২০৭১
e-mail: laonarsingdi@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

০১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নরসিংদী
০২। নির্বাহী প্রকৌশলী, সওজ, নরসিংদী সড়ক বিভাগ, নরসিংদী (প্রত্যাশী সংস্থা)
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবপুর, নরসিংদী (গণবিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। **পিএস টু বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)**
০৫। সহকারী কমিশনার (ভূমি), শিবপুর, নরসিংদী
০৬। সহকারী কমিশনার (গোপনীয়) (জেলা প্রশাসক, নরসিংদী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই.সি.টি), জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (গণবিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। চেয়ারম্যান, পুটিয়া/ আয়ুবপুর ইউনিয়ন পরিষদ, শিবপুর, নরসিংদী
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পুটিয়া/ আয়ুবপুর ইউ: ভূমি অফিস, শিবপুর, নরসিংদী (গণবিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানো এবং ব্যাপক প্রচারের জন্য)
১০। উদ্যোক্তা, পুটিয়া/ আয়ুবপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার, শিবপুর, নরসিংদী
১১। অফিস কপি

G:\nayem\la\বিজ্ঞপ্তি\গণবিজ্ঞপ্তি.doc